

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে ক্রয়-বিক্রয় করার ব্যাপারে হুশিয়ারী, কেননা ক্রয়-বিক্রয়ে প্রায় অসার কথাবার্তা হয়ে থাকে

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْبَيْعِ وَالشِّرَاءِ فِي الْمَسَاجِدِ إِذِ الْبَيْعُ لَا يَكَادُ يَخْلُو مِنَ الرَّفَتِ فيه

## আরবী

1648 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا النَّفَيْلِيُّ قَالَ: حَدَّثَنَا الدَّوْرَاوَرْدِيُّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: الرَّحْمَنِ بْنِ ثَوْبَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (إذا رَأَيْتُمُ الرَّجُلَ يَبِيعُ وَيَشْتَرِي فِي الْمَسْجِدِ فَقُولُوا: لا أربح الله تجارتك) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1648 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء))) (1295).

## বাংলা

১৬৪৮. আবৃ হুরাইরা রাদ্মাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমরা কোন ব্যক্তিকে মাসজিদে ক্রয়-বিক্রয় করতে দেখবে, তখন তোমরা বলবে, لا أربح الله تجارتك لا الربح الله تجارتك (আল্লাহ তোমার ব্যবসায় লাভ না দিক)।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩০৫; তিরমিযী: ১৩২১; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৭৬; দারেমী: ১/৩২৬; ইবনুল জারূদ: ৫৬২; সুনান বাইহাকী: ২/৪৪৭; ইবনুস সুন্নী: ১৫৩; হাকিম: ২/৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১২৯৫)



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন